



রমনা রেলওয়ে স্কুল
ছাত্র শিক্ষকদের
অনশনের ২য় দিন
অতিবাহিত

২

(নিজস্ব বাতা পরিবেশক)

স্থায়ী জায়গার ব্যবস্থা না করে রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়কে ওসমানী উদ্যান থেকে উচ্ছেদ করার সিদ্ধান্তের প্রতিবাদে ওই স্কুলের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের আমরণ অনশন ধর্মঘটের দ্বিতীয় দিন গতকাল বুধবার অতিবাহিত হয়।

বিদ্যালয়ের ১৫ জন শিক্ষক শিক্ষিকা ও ছাত্র আমরণ অনশনে অংশ নিয়েছেন। বাকী ছাত্ররা যৌদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত প্রতীক অনশন করছে। গতকাল বুধবার অনশনরত দু'জন ছাত্র অসুস্থ হয়ে পড়লে তাদের চাকা ডেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। অনশনরত দু'জন শিক্ষকের অবস্থাও আশংকাজনক হয়ে পড়েছে বলে জানা যায়।

আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আবদুস সামাদ আজাদ ও সাধারণ সম্পাদিকা বেগম সাজেদা চৌধুরী, সিপিবি'র সাধারণ সম্পাদক সাইফউদ্দিন আহমেদ মানিক, সিপিবি'র ঢাকা মহানগর কমিটি, শিক্ষক সমিতির সভাপতি কামরুজ্জামান ও সাধারণ সম্পাদিকা হেনা দাস, ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ, ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সংসদ, ছাত্র মৈত্রী ও ছাত্র লীগ মহানগর শাখা পৃথক পৃথক বিবৃতিতে রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের অনশনরত শিক্ষক, শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন ও বিদ্যালয়ের উচ্ছেদের সিদ্ধান্ত প্রত্যাহার করার দাবী জানিয়েছেন।

ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ গতকাল সকালে প্রেস-ক্লাব প্রাঙ্গণে যান এবং অনশনরতদের দাবী মেনে নেয়ার সঙ্গে সরকারের প্রতি আহ্বান জানান।